

৭ ডিগ্রি ৫ শিক্ষা কর্মকর্তা ২ শিক্ষকের জেল

প্রতিনিধি, নেত্রকোণা

নেত্রকোণায় অনিয়মতান্ত্রিকভাবে দুই শিক্ষক নিয়োগ, বেতন-ভাতা আটক এবং আদালতের আদেশ অমান্য করার পৃথক মামলার রায়ে নেত্রকোণা জেলা শিক্ষা অফিসের স্কুল অধ্যক্ষ মামলায় মোকদম এবং ডাকার ৭ ডিগ্রি, ৫ জেলা শিক্ষা অফিসারসহ দুই

শিক্ষকের ২ ও ৩ মাস করে সিভিল জেল হয়েছে। এছাড়া জেলার বেশ কয়েকটি স্কুলে দুর্নীতির মাধ্যমে

শিক্ষক নিয়োগের অভিযোগ এনে আদালতে কয়েকটি মামলা হয়েছে।

জেলায় মদন উপজেলার গোবিন্দ শ্রী উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক গিয়াস উদ্দিনকে প্রধান শিক্ষকের পদ থেকে সরিয়ে তার বেতনভাতা আটক রাখায় ১৯৯৮ সালে মদন সহকারী জজ আদালতে তিনি মামলা দায়ের করেন। মামলায় উচ্চ মাধ্যমিক অধিদপ্তরের মহাপরিচালক ও জেলা শিক্ষা

অফিসারসহ ৫ জন সরকারি কর্মকর্তাকে বিবাদি করা হয়। বিজ্ঞ আদালত উভয় পক্ষের সাক্ষ প্রমাণাদির পর '৯৮ সালের ৩০ অক্টোবর বাদি প্রধান শিক্ষক গিয়াস উদ্দিনের অনুকূলে ডিগ্রি প্রদান করেন। উল্লিখিত রায়ে বিরুদ্ধে জেলা জজ আদালতে ১১৪/৯৯নং আপিল মামলা দায়ের করা হলে বিজ্ঞ জেলা জজ নিয় আদালতের রায়ে বহাল রাখেন এবং মামলার

নেত্রকোণায় শিক্ষক নিয়োগে অনিয়ম ও আদালত অমান্য মামলার রায়ে

নথিপত্র নিয় আদালতে ধারণ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আদেশ দেন। সিনিয়র সহকারী জজ মোহাম্মদ আলী হোসাইন বিগত দিনের রায়ে ৬ ডিগ্রির দাবিকৃত ৩ লাখ ৭২ হাজার ৬৫২ দশমিক ৪৬ টাকা আদায়ের জন্য ২০০১ সালে ২নং অন্য ডিফিডারি মামলা মূলে ১৬ জানুয়ারি জেলা শিক্ষা অফিসারের কার্যালয়ের চেয়ার, টেবিলসহ তার অফিসের যাবতীয়

আসবাবপত্র ও মালামাল ফোকের আদেশ দেন।

অন্যদিকে জেলার আটপাড়া উপজেলার তনুই নিয় মাধ্যমিক বিদ্যালয়ের ২নং সহকারী শিক্ষক শামছদ্দিনকে যত্নসম্পন্নভাবে স্বপদ থেকে সরিয়ে দিয়ে অযোগ্য রফিকুল ইসলামকে ওই পদে নিয়োগ দান মামলার রায়ে আটপাড়া সহকারী জজ আদালত ২৪ জানুয়ারি ওই

স্কুলের প্রধান শিক্ষক স্বজা মতিয়র রহমান ও সহকারী শিক্ষক মতিয়র রহমানকে তিন মাস এবং উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের ৭ ডিগ্রি যথাক্রমে অধ্যাপিকা নাইয়ার

সুলতানা, ড. আয়েশা খাতুন, এপিএম শহীদুল্লাহ, আবদুর রশিদ, প্রফেসর এএমএস সালাহ উদ্দিন, কবির উদ্দিন আহম্মেদ ও প্রফেসর মোহাম্মদ জুনাইদ এবং জেলা শিক্ষা অফিসার অরুণ চন্দ্র সরকার, হোসেন আলী, আবদুস সামাদ আজাদ, সিদ্দিক মোরশেদ ও আবদুল করিমকে দুই মাস করে সিভিল জেল প্রদান করেন।